

সাব্বিরের দুই ধারাবাহিক নাটক

বিনোদন রিপোর্ট : এ সময়ের চাহিদাসম্পন্ন অভিনেতা মীর সাব্বিরের পরপর দু'টি ধারাবাহিকের প্রচার শুরু হচ্ছে। এপ্রিলে ইটিভিতে শুরু হবে অনন্তহীরার ১৩ পর্বের ধারাবাহিক 'বিষকাঁটা' ও মে'তে শুরু হবে কবির আনোয়ারের ১৩ পর্বের ধারাবাহিক পেপার মেরেজ। বর্তমানে তার বিটিভিতে প্রচার হচ্ছে ধারাবাহিক অতঃপর তাহারা। এ প্রজন্মের অভিনেতাদের মধ্যে সাব্বির এখন সবচেয়ে বেশী ব্যস্ত। নির্মাতারাও তাকে নিয়ে একের পর এক নাটক নির্মাণ করছেন। এ মাসে তিনি একটি টেলিফিল্ম ও একটি নাটকের কাজ শুরু করছেন। ১৫ তারিখ থেকে শুরু হবে খায়রুল বাশারের টেলিফিল্ম হৃদয়ে বসতি। তার পরপরই শুরু করবেন সতীর্থ রুবেলের নতুন আরেকটি নাটক। টেলিভিশন পর্দায় সাব্বিরের উপস্থিতি এখন সবচেয়ে বেশী।

নায়িকা হতে চান না শিমু

বিনোদন রিপোর্ট : নায়িকা হতে চান না এ প্রজন্মের প্রতিভাবান অভিনেত্রী সুমাইয়া শিমু। নায়িকা শব্দটি তার পছন্দ নয়। তিনি হতে চান অভিনেত্রী। একজন পাকা অভিনেত্রী। তার লক্ষ্যও তাই। মন-প্রাণ ঢেলে দিয়েছেন পাকা অভিনেত্রী হওয়ার জন্য। অভিনয় জীবনের লক্ষ্য সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেন, সব নায়িকাই অভিনেত্রী নয় কিন্তু সব অভিনেত্রীই নায়িকা হতে পারে। কাজেই অভিনেত্রী হয়েই নায়িকা হতে চাই। যাকে বলে অভিনেত্রী নায়িকা। কারণ, একজন দক্ষ অভিনেত্রী নায়িকা হওয়া থেকে শুরু করে সবকিছু হতে পারে।